গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম
www.rangunia.chittagong.gov.bd

চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া উপজেলার মার্চ, ২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব আতাউল গনি ওসমানী, উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
সভার তারিখ ও সময় ঃ ২২/০৩/২০২৩ খ্রি., বেলা ১১.০০ টা।
সভার স্থান ঃ উপজেলা সম্মেলন কক্ষ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
সভায় অংশগ্রহণকারী সদস্যবৃন্দের উপস্থিতির তালিকা (পরিশিষ্ট- ক) দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয় এবং প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনে সকলের সার্বিক সহযোগিতার প্রতি সকলকে ধন্যবাদ জানানো হয়। অতঃপর নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচনার বিষয়বস্তু</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>১</td><td>বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন সংক্রান্ত ঃ<br>বিগত ফেব্রুয়ারি-২০২৩ মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং উপস্থিত সকলের মতামত গ্রহণ করা হয়। কার্যবিবরণী পাঠান্তে কোনো সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।</td><td>কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্ব -সম্মতক্রমে অনুমোদিত ও গৃহীত হয়।</td><td>সংশ্লিষ্ট সকল বিভাগীয় কর্মকর্তা, রাঙ্গুনিয়া।</td></tr>
<tr><td>২</td><td><u>স্মার্ট চট্টগ্রাম বেস্ট আইডিয়া এওয়ার্ড বিষয়ক কর্মশালা-২০২৩ "স্মার্ট চট্টগ্রাম বেস্ট আইডিয়া এওয়ার্ড" প্রতিযোগিতায় অংশ গ্রহণ সংক্রান্ত ঃ</u><br>সভাপতি স্মার্ট চট্টগ্রাম বেস্ট আইডিয়া এওয়ার্ড বিষয়ক কর্মশালা-২০২৩ "স্মার্ট চট্টগ্রাম বেস্ট আইডিয়া এওয়ার্ড" আয়োজিত কর্মশালার প্রতিযোগিতায় অংশ গ্রহণের বিষয়ে কর্মশালায় উপস্থিত সকলকে অবগত করান যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর স্বপ্নের সোনার বাংলা গড়ার প্রত্যয়ে তাঁরই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০০৮ সালে ঘোষিত রুপকল্প-২০২১ ডিজিটাল বাংলাদেশ। এ লক্ষ্য অর্জিত হবার পর পরবর্তী গন্তব্য রুপকল্প-২০৪১ "স্মার্ট বাংলাদেশ, যা অর্জনের মাধ্যমে জ্ঞান ভিত্তিক, উদ্ভাবনী ও অন্তর্ভূক্তিমূলক আয়ের দেশে পরিনত করার অভিপ্রায়ে "স্মার্ট উপজেলা বেস্ট আইডিয়া এওয়ার্ড" প্রতিযোগিতায় অংশ গ্রহণের জন্য বিস্তারিত আলোচনায় "স্মার্ট উপজেলা বেস্ট আইডিয়া এওয়ার্ড" প্রকল্পের নাম "স্মার্ট রিসাইক্লিং" নির্বাচিত করা হয় এবং উপস্থিত সকলেই একমত পোষণ করেন।</td><td>"স্মার্ট চট্টগ্রাম বেস্ট আইডিয়া এওয়ার্ড" রাঙ্গুনিয়া উপজেলার "স্মার্ট রিসাইক্লিং" নির্বাচিত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা প্রশাসন ও সংশ্লিষ্ট সকল।</td></tr>
<tr><td>৩</td><td>২৫ মার্চ,২০২৩ গণ হত্যা দিবস পালন ও ২৬ মার্চ,২০২৩ মহান স্বাধীনতা দিবস উদযাপন সংক্রান্ত ঃ<br>সভাপতি ২৫ মার্চ, ২০২৩ গণ হত্যা দিবস পালন ও ২৬ মার্চ, ২০২৩ মহান স্বাধীনতা দিবস উদযাপন সংক্রান্ত বিষয়ে ২৭/২/২০২৩ খ্রি. তারিখের অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রণীত কর্মসূচির দিবস ২ টির পালন ও উদযাপনের বিষয়ে গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের উপস্থিতি ও প্রয়োজনীয় সার্বিক সহযোগিতা কামনা করেন এবং দিবস ২ টি পালন ও উদযাপনে প্রশাসনকে সব প্রকার সার্বিক সহযোগিতা করার উপস্থিত সকলেই একমত পোষন করেন।</td><td>২৫ মার্চ,২০২৩ গণ হত্যা দিবস পালন ও ২৬ মার্চ, ২০২৩ মহান স্বাধীনতা দিবস উদযাপনে প্রণীত কর্মসূচি বাস্তবায়নসহ উপজেলা প্রশাসনকে সর্ব প্রকার সার্বিক সহযোগিতা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা প্রশাসন ও সংশ্লিষ্ট সকল।</td></tr>
<tr><td>৪</td><td><u>উপজেলা আইন- শৃঙ্খলা বিষয়ক আলোচনা ও সিদ্ধান্ত ঃ</u><br>উপজেলার বিগত মাস ও চলতি মাসের আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনায় অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল ও দঃ রাঙ্গুনিয়া থানাসহ উপস্থিত সকলেই উপজেলায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে মর্মে মতামত ব্যক্ত করা হয়। সভাপতি এ বিষয়ে স্ব-স্ব অধিক্ষেত্রে/এলাকায় সার্বক্ষণিক সতর্ক নজর রেখে আইন-শৃঙ্খলা বাহিনীকে প্রয়োজনীয় সহযোগিতা করে সন্ত্রাসী কার্যক্রম বন্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা ও দক্ষিণ রাঙ্গুনিয়া থানা, চট্টগ্রামদ্বয়সহ সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানান এবং নিম্নরুপে ফেব্রুয়ারি, ২০২৩ মাসের অপরাধ চিত্র পেশ করা হয়।
<table>
<tr><th>ক্রঃনং</th><th>বিবরণ/অপরাধ চিত্র</th><th>মডেল থানা</th><th>দঃ রাঙ্গুনিয়া থানা</th><th>মোট</th></tr>
<tr><td>১</td><td>খুন</td><td>১</td><td>১</td><td>২</td></tr>
<tr><td>২</td><td>অপমৃত্যু</td><td>-</td><td>১</td><td>১</td></tr>
<tr><td>৩</td><td>অস্ত্র আইন</td><td>-</td><td>১</td><td>১</td></tr>
</table></td><td>আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নে পুলিশী টহল জোরদার করণ, স্ব-স্ব এলাকায় অপরাধের সহিত জড়িতদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং ওয়ারেন্টভুক্ত আসামী-দের গ্রেফতারে প্রয়োজনীয় পদ- ক্ষেপ গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং পুলিশ</td><td>অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা ও দক্ষিন রাঙ্গুনিয়া থানা ও সংশ্লিষ্ট সকল।</td></tr>
</table>

চলমান পাতা-২

CS CamScanner

| ক্রঃ নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|

| ক্রঃনং | বিবরণ/অপরাধ চিত্র | মডেল থানা | দঃ রাঙ্গুনিয়া থানা | মোট |
|---|---|---|---|---|
| ৪ | চুরি | ১ | - | ১ |
| ৫ | মাদক | ৬ | ২ | ৮ |
| ৬ | নারী ও শিশু নির্যাতন | ১ | - | ১ |
| ৭ | সড়ক দুর্ঘটনা | ২ | - | ২ |
| ৮ | অন্যান্য | ৬ | ২ | ৮ |
| মোট | | ১৭ | ৭ | ২৪ |

অপরাধ চিত্র বিস্তারিত পর্যালোচনায় পূর্বের তুলনায় অপরাধ কমে আসছে এবং আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নসহ চুরি/সন্ত্রাসী কার্যক্রম বন্ধে পুলিশ বিভাগকে সার্বিক সহযোগিতা করার জন্য উপস্থিত সকলেই একমত পোষণ করেন এবং অপরাধীদের আইনের আওতায় আনার লক্ষ্যে পুলিশ বিভাগকে প্রয়োজনীয় সার্বিক সহযোগিতা করার জন্য জনপ্রতিনিধিদের আহ্বান জানানো হয়।

| ক্রঃ নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৫ | **যানজট নিরসন ও সড়ক দুর্ঘটনা সংক্রান্ত ঃ** উপজেলার যানজট বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনায় অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা জানান,উপজেলার ট্রাফিক বিভাগের কোন জনবল না থাকায় থানার জনবল দ্বারা যানজট নিরসনসহ সড়ক দুর্ঘটনা কমানোর কার্যক্রম অব্যাহত প্রচেষ্টা রয়েছে। অবৈধ/লাইসেন্স বিহীন সিএনজি/অন্যান্য যান চালকদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। সড়ক দুর্ঘটনা এড়ানোর জন্য জনসচেতনতা সৃষ্টিসহ প্রয়োজনীয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার উপস্থিত সকলেই একমত পোষণ করেন। | যানজট নিরসনসহ, গাড়ী দুর্ঘটনা এড়ানো /লাইসেন্স বিহীন গাড়ী চালকদের বিরুদ্ধে আইনগত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় । | অফিসার ইনচার্জ রাঙ্গুনিয়া মডেল থানা ও দঃ রাঙ্গুনিয়া থানা ও সংশ্লিষ্ট সকল। |
| ৬ | **মাদক/ইয়াবা ব্যবহার নিয়ন্ত্রণ/রোধ সংক্রান্ত ঃ** মাদক ব্যবহার ও নিয়ন্ত্রণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনায় পূর্বের তুলনায় মাদক ব্যবহার কমে আসে আসছে মর্মে অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা মতামত ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনায় অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা জানান, মাদক ব্যবসায়ী এবং মাদক ব্যবহারকারীদের চিহ্নিত করে তাৎক্ষণিক ভাবে সংবাদ দেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করনে। এ বিষয়ে জনপ্রতিনিধিগণের আন্তরিক সার্বিক সহযোগিতা পাওয়া গেলে উপজেলার মাদক ব্যবসাসহ বিভিন্ন অপরাধের কার্যক্রম কমবে মতামত ব্যক্ত করা হয় এবং এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য জনপ্রতিনিধিদের আহ্বান জানানো হয়। | উপজেলার মাদক/ইয়াবা ব্যবহার নিয়ন্ত্রণ- করণ, মাদক ব্যবসায়ীদের সঠিক তথ্য দেয়া ও চুরি/ডাকাতি রোধ কল্পে উপজেলা প্রশাসন ও পুলিশ বিভাগকে সার্বিক সহ- যোগিতা করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসন/ পুলিশ বিভাগের কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট সকল। |
| ৭ | **ইভটিজিং কার্যক্রম বন্ধ/বাল্য বিবাহ রোধ সংক্রান্ত ঃ** ইভটিজিং/বাল্য বিবাহ রোধ সংক্রান্ত বিষয়ে সভাপতি বিস্তারিত আলোচনা করেন। বিস্তারিত আলোচনায় সভাপতি উপজেলায় ইভটিজিং কার্যক্রম বন্ধে প্রশাসনকে প্রয়োজনীয় সার্বিক সহযোগিতা করায় জনপ্রতিনিধিদের ধন্যবাদ জানান। এ বিষয়ে ইভটিজিং/বাল্য বিবাহ রোধ কল্পে স্ব-স্ব এলাকায় সার্বক্ষণিক সতর্ক নজর রেখে সামাজিক সচেতনতার কার্যক্রম বৃদ্ধি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পৌর মেয়র/ ইউ,পি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয় এবং বাল্য বিবাহের কোন সংবাদ পাওয়া গেলে তাৎক্ষণিক ভাবে উপজেলা প্রশাসনকে সংবাদ দেয়ার জন্য উপস্থিত সকলেই একমত পোষণ করেন। | উপজেলার ইভটিজিং ও বাল্য বিবাহ কার্যক্রম রোধে প্রয়োজনীয় কার্যক্রম/ পদক্ষেপ গ্রহণসহ জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সর্ব- সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসন /পুলিশ বিভাগ ও সংশ্লিষ্ট সকল। |
| ৮ | অবৈধ ভাবে পাহাড় কর্তন/কৃষি জমিতে ঘর নির্মাণ কার্যক্রম বন্ধ/বিদ্যুৎ সংযোগ বিষয়ক আলোচনা ও সিদ্ধান্ত ঃ সভায় অবৈধ ভাবে পাহাড় কাটা/কৃষি জমিতে ঘর নির্মাণ কার্যক্রম বন্ধ করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়, সভাপতি জনান পাহাড় কাটা/কৃষি জমিতে ঘর নির্মাণ কার্যক্রম বন্ধে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত আছে। অবৈধ ভাবে | অবৈধ ভাবে পাহাড় কর্তন বন্ধ করণ /কৃষি জমিতে ঘর নির্মাণ কার্যক্রম রোধ /কৃষি জমির উপর ঘর নির্মাণকারীদের বিদ্যুৎ সংযোগ না দেয়ার পূর্বের | |

চলমান পাতা-৩

CamScanner

| ক্রঃ নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৮ | পাহাড় কর্তন/কৃষি জমিতে মাটি ভরাট করে ঘর নির্মাণ কার্যক্রম বন্ধকরণে জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের কার্যক্রম অব্যাহত থাকবে এবং উপস্থিত সকলেই একমত পোষণ করেন। তাছাড়া কৃষি জমিতে ঘর নির্মাণকারীদের বিদ্যুৎ সংযোগ না দেয়ার সিদ্ধান্ত বহাল রাখার উপস্থিত সকলেই একমত পোষণ করেন। | সিদ্ধান্ত বহাল রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসন ও সংশ্লিষ্ট সকল। |
| ৯ | **রোহিঙ্গা অবস্থান বিষয়ক আলোচনা ও সিদ্ধান্ত ঃ** উপজেলার রোহিঙ্গা অবস্থান বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনায় উপজেলায় রোহিঙ্গা অবস্থান এবং ভোটার না করার বিষয়ে সর্তক নজর রেখে উপজেলায় রোহিঙ্গা অবস্থান সম্পর্কে কোন সংবাদ পাওয়া গেলে সরেজমিনে তদন্তক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপস্থিত সকলেই একমত পোষণ করেন। | উপজেলায় রোহিঙ্গা অবস্থান বিষয়ে তথ্য পাওয়া গেলে তাৎক্ষণিক ভাবে উপজেলা প্রশাসনকে অবহিত করণসহ রোহিঙ্গাদের ভোটার না করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন/ইউ,পি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকল। |
| ১২ | ভ্রাম্যমান আদালত পরিচালনা সংক্রান্ত ঃ সভাপতি জানান, আইন অমান্যকারীদের বিরুদ্ধে ভ্রাম্যমান আদালত পরিচালনা কার্যক্রম অব্যাহত আছে। বিস্তারিত আলোচনায় ভ্রাম্যমান আদালত পরিচালনা কার্যক্রম অব্যাহত রাখার উপস্থিত সকলেই একমত পোষণ করে পেট্রোল পাম্প দোকানদার/লাইসেন্স কিংবা ফায়ার যন্ত্র ছাড়া গাড়ীর জ্বালানী বিক্রয়কারীদের/ দোকানদারদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সকলেই একমত পোষণ করেন। | ভ্রাম্যমান আদালত কার্যক্রম পরিচালনাসহ লাইসেন্স বিহীন পেট্রোল পাম্প ব্যবসায়ী- দের বিরুদ্ধে আইনানুগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসন, সহকারী কমিশনার (ভূমি) ও অফিসার ইনচার্জ, সংশ্লিষ্ট থানা এবং সংশ্লিষ্ট সকল। |
| ১৩ | ইটভাটা সমূহে গাছের লাকড়ী ব্যবহার বন্ধকরণ ও অবৈধ গাছের গাড়ী চলাচলে বন্ধকরণ সংক্রান্ত ঃ সভায় রাঙ্গুনিয়া উপজেলায় ইটভাটা সমূহে অবৈধ ভাবে গাছ/লাকড়ী জ্বালানী হিসেবে ব্যবহারের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনায় ইটভাটা সমূহে গাছের লাকড়ী ব্যবহারকারীদের এবং অবৈধ ভাবে গাছ সরবরাহে গাড়ী চালকদের বিরুদ্ধে আইনানুগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতক্রমে গৃহীত হয়। | ইটভাটা সমূহে অবৈধ ভাবে জ্বালানী হিসেবে ব্যবহারের গাছ সরবরাহকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন/পুলিশ বিভাগ ও সংশ্লিষ্ট সকল। |

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া রাঙ্গুনিয়াবাসীর উন্নয়নে প্রশাসনকে সার্বক্ষণিক প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য জনপ্রতিনিধি সকলকে আহ্বান জানান। পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সভাপতি সভা সমাপ্তি ঘোষণা করেন।

আতাউল গনি ওসমানী
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
ফোন নং-০২৩৩৪৪৫৯৬৬৯
ইমেইল: unorangunia@mopa.gov.bd

স্মারক নং: ০৫.৪২.১৫০০.৫১০.১৮.০৭৮.২০২৩-২৬১

তারিখ: ৮ চৈত্র, ১৪২৯ ব.
২২ মার্চ, ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। ড. হাছান মাহমুদ, এম.পি ও মাননীয় মন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও মুখ্য উপদেষ্টা, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি।
২। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম।
৩। পুলিশ সুপার, চট্টগ্রাম।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৫। মেয়র, রাঙ্গুনিয়া পৌরসভা, চট্টগ্রাম।

(১–৫) সদয় অবগতির জন্য।

৬। উপজেলা ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৭। উপজেলা /অফিসার ইনচার্জ,..........................................................................কর্মকর্তা (সকল)/থানা, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৮। চেয়ারম্যান, ................................ ইউনিয়ন পরিষদ (সকল), রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৯। জনাব ............................................................................................................ রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
১০। সভাপতি/সম্পাদক, রাঙ্গুনিয়া প্রেস ক্লাব, চট্টগ্রাম।
১১। অফিস নথি।

CamScanner